


## মুদ্রণ কাজের দরপত্রের শর্তাবলী

বিয়াম ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ও নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য সিডিউল মোতাবেক ২০২২ সালের জন্য প্রয়োজনীয় বই, খাতা ও ডায়েরি মুদ্রণের নিমিত্ত ০৫ (পাঁচ)টি প্যাকেজ/গ্রুপে{(গ্রুপ-ক-বই), (গ্রুপ-খ-ডায়েরি), (গ্রুপ-গ-অংক খাতা), (গ্রুপ-ঘ-বাংলা খাতা) ও (গ্রুপ-ঙ-ইংরেজি ও অন্যান্য খাতা)} নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী প্রিন্টার্স/দরদাতাগণের নিকট থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

### শর্তাবলী :

- ১। ০৪.১১.২০২১ থেকে ১৮.১১.২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া ও আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার হতে মূল স্বাক্ষর সম্বলিত দরপত্রের সিডিউল নগদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যে ক্রয় করা যাবে এবং ১৮.১১.২০২১ তারিখে বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে বর্ণিত স্থানসমূহে দরপত্র বাস্তবে উক্ত দরপত্র জমা দিতে পারবেন।
- ২। টেন্ডার দাখিলের সময় টেন্ডার ক্রয়ের রশিদের মূল কপি সংযুক্ত করতে হবে। অন্যথায় টেন্ডার বাতিল বলে গণ্য হবে।
- ৩। দরদাতা কর্তৃক মূল দরপত্রে দাখিলকৃত দর চূড়ান্ত হিসেবে গণ্য হবে। দরপত্রের ফটোকপিতে দাখিলকৃত দর গ্রহণযোগ্য হবে না।
- ৪। কর্তৃপক্ষ প্রয়োজনে সিডিউলে বর্ণিত মালামালের পরিমাণ হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।
- ৫। সিডিউলে বর্ণিত সিকিউরিটি মানি শুধুমাত্র সোনালী ব্যাংক, মগবাজার, ঢাকা শাখার অনুকূলে মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইন্সটান, ঢাকা-১২১৭ এর বরাবরে জমা দিতে হবে।
- ৬। দরপত্রের সঙ্গে ট্রেড লাইসেন্স, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশনসহ কমপক্ষে বিগত ০৫ বছরের ৩০ লক্ষ টাকার কাজ সম্পন্ন পূর্ব অভিজ্ঞতার প্রমানক জমা দিতে হবে।
- ৭। নির্বাচিত ঠিকাদারকে কার্যাদেশ দেয়ার সময় উদ্ধৃত (Quoted) মূল্যের ২০% হারে পে-অর্ডার পারফরমেন্স সিকিউরিটি/গ্যারান্টি হিসেবে জমা দিতে হবে।
- ৮। ত্রুটিপূর্ণ দরপত্র এবং দরপত্রে কোন রকম ঘষামাজা ও কাটাকাটি পরিলক্ষিত হলে তা বাতিল বলে গণ্য হবে।
- ৯। ত্রুটিপূর্ণ মালামাল (দরপত্রে বর্ণিত স্পেসিফিকেশন বহির্ভূত) গ্রহণ করা হবে না।
- ১০। বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় রক্ষিত নমুনা অনুযায়ী মুদ্রণ করতে হবে।
- ১১। মুদ্রিত পাণ্ডুলিপির প্রুফ বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এর “তথ্য হালকরণ বা চূড়ান্তকরণ কমিটি” কর্তৃক লিখিতভাবে অনুমোদন করিয়ে নিতে হবে, নতুবা মুদ্রিত সামগ্রী গ্রহণযোগ্য হবে না।
- ১২। কার্যাদেশ দেয়ার ১৫ দিনের মধ্যে দরপত্রদাতাকে (বই, খাতা ও ডায়েরি)-এর প্রথম প্রুফ/ডামি এবং তার পরবর্তী ০৫ দিনের মধ্যে দ্বিতীয় প্রুফ/ডামি সরবরাহ করে তা বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এর “তথ্য হালকরণ বা চূড়ান্তকরণ কমিটি” হতে চূড়ান্ত অনুমোদন গ্রহণ করতে হবে। অতঃপর পরবর্তী ২৫ দিনের মধ্যে, অর্থাৎ কার্যাদেশ দেয়ার তারিখের পরবর্তী ৪৫ দিনের মধ্যে, সমগ্র মুদ্রণ সামগ্রী সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ১৩। অনুমোদিত মুদ্রণ সামগ্রী (বই, খাতা ও ডায়েরি) ঠিকাদারী প্রতিষ্ঠান কার্যাদেশ অনুযায়ী দেশের বিভিন্ন জেলা/উপজেলায় বিয়াম ফাউন্ডেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে চাহিদা অনুযায়ী সরবরাহ করবেন। বিল দাখিলের পূর্বে প্রেরণ ও গ্রহণের প্রমাণক বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় প্রদান করবেন।
- ১৪। কার্যাদেশ মোতাবেক মালামাল (গুণগতমান ও পরিমাণ) বুঝে পাওয়ার পর বিল পরিশোধ করা হবে। এক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ হতে চাহিদা অনুযায়ী সন্তোষজনক মানসম্পন্ন মালামাল গ্রহণের প্রত্যয়নপত্র সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিল করতে হবে।
- ১৫। কর্তৃপক্ষ প্রয়োজনীয়তা সাপেক্ষে নির্বাচিত ঠিকাদার/ঠিকাদারগণের নিকট হতে একই দরে পরবর্তী বছরের জন্য প্রয়োজনীয় সংখ্যক বই, খাতা ও ডায়েরি পুনঃ মুদ্রণের ব্যবস্থা করতে পারবেন।
- ১৬। বিল থেকে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন প্রযোজ্য হবে।
- ১৭। দরদাতা কার্যাদেশে প্রদত্ত শর্ত ভঙ্গ করলে তাকে কালো তালিকাভুক্তকরণসহ তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ (জামানত বাজেয়াপ্ত) করা হবে।
- ১৮। দরপত্রের প্রতি পৃষ্ঠায় দর দাখিলকারীকে স্বাক্ষর করতে হবে।
- ১৯। তথ্য প্রদানের অপূর্ণতার কারণে দরপত্র বাতিল গণ্য হবে।
- ২০। প্রত্যেক গ্রুপের সিডিউলের লট/গ্রুপ ভিত্তিক মূল্যায়ন করা হবে।
- ২১। কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
- ২২। সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
১১/১১/২০২১  
পরিচালক (শিক্ষা)  
বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।